**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Pine Apple Fest :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন ডোনার মন্ত্রকের সহযোগিতায় ত্রিপুরায় আনারস উৎপাদন ও বানিজ্যিক প্রসারে গুরুত্ব দেওয়া হয়েছে। ত্রিপুরায় উৎপাদিত ক্যুইন ও কিউ দুই ধরনের ভ্যারাইটির আনারসের বিশ্ব জুড়ে চাহিদা রয়েছে। গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে সি আই আই আয়োজিত আনারস উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, ২০১৮ সাল থেকে ২০২৫ সাল পর্যন্ত দুবাই, ওমান, কাতার, বাংলাদেশ প্রভৃতি দেশে ত্রিপুরা থেকে ৭৮ মেট্রিকটন এবং দেশের অভ্যন্তরীন বাজারে ২০২২ সাল থেকে এখন পর্যন্ত ১৫ হাজার ৩৪৯ মেট্রিকটন আনারস রপ্তানি করা হয়েছে। আনারস উৎসবে আনারস প্রদর্শনীরও আয়োজন করা হয়।

*******************************

**NF Railway Restoration :**

লামডিং-বদরপুর পাহাড় এলাকায় রেললাইনে ধ্বস সরানোর কাজ চালিয়ে যাচ্ছে এনএফ রেলওয়ে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়, রেললাইনের উপর বিপুল পরিমানে ধ্বসে পড়া মাটি ও পাথর সরানোর কাজ তদারকি করতে এন এফ রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব এলাকা পরিদর্শন করেন ও শ্রমিকদের কাজে উৎসাহ দেন। গুরুত্বপূর্ণ এই রেল সংযোগ দ্রুত চালু করার জন্য প্রয়োজনে আরও বেশি সংখ্যক শ্রমিক ও যন্ত্রপাতি ব্যবহারের পরামর্শ দেন তিনি।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২৩ তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

***************************

**DAJBA- Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা গতকাল ধরতি আবা জনভাগীদারি অভিযান-এর অংশ হিসেবে মুঙ্গিয়াকামি আর ডি ব্লকের উত্তর মহারানী স্কুলে এক প্রশাসনিক শিবিরের উদ্বোধন করেন। শিবিরে শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, কৃষি সহায়তা এবং সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন সরকারি প্রকল্প সম্পর্কে সুবিধাভোগীদের বিস্তারিত অবহিত করা হয়।

***************************

**DAJBA Sonamura :**

ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে গতকাল কাঁঠালিয়া ব্লকের ৩টি স্থানে প্রশাসনিক এবং স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে সোনামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে পি.আর.টি.সি, ইনকাম সার্টিফিকেট, ম্যারেজ সার্টিফিকেট এবং এস.টি. সার্টিফিকেটের জন্য আবেদন জমা নেওয়া হয়। এছাড়া স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়।

***************************

**DAJBA Panisagar :**

পানিসাগর ব্লকের অন্তর্গত ইন্দুরাইল ভিলেজের পদ্মবিল দুগঙ্গা এস.বি. স্কুলে গতকাল ধরতি আবা জনভাগীদারি অভিযানে এক জনসচেতনতা ও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে জেলাশাসক চাঁদনী চন্দ্রন এলাকার জনগণের সাথে মতবিনিময় করেন।

*************************

**RAISE :**

আকাশবাণীর উত্তর-পূর্বাঞ্চলের শ্রোতাদের মতামত জানানোর জন্য গতকাল থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে অন লাইন এপ্লিকেশন "RAISE" । যেখানে শ্রোতারা তাদের পছন্দের অনুষ্ঠান ও ঘোষক ঘোষিকাদের মূল্যায়ন করতে পারবেন। গোয়াহাটিতে আকাশবাণীর উত্তর পূর্বের কেন্দ্রীয় কার্যালয় থেকে উত্তর-পূর্বাঞ্চলের অতিরিক্ত মহাপরিচালক আশিস ভাটনাগর রিমোটের বোতাম টিপে এই অ্যাপের উদ্বোধন করেন।

*************************

**Seminar on Drug Abuse :**

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস উদযাপন উপলক্ষ্যে গতকাল ধর্মনগরের যুবরাজনগরে এক সেমিনার অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ এই সেমিনারের উদ্বোধন করে বলেন, সমাজের সকল অংশের মানুষের মিলিত প্রচেষ্টার মধ্য দিয়ে একটা নেশামুক্ত সুন্দর সমাজ গড়ে তুলতে হবে। অনুষ্ঠানে মাদক বিরোধী বিষয়ের উপর নাটক পরিবেশন করা হয়।

***************************

**BSF :**

চারদিনের রাজ্য সফরে এলেন বিএসএফ-র ইস্টার্ন কমান্ডের এডিজি মহেশ কুমার আগরওয়াল। বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি অশ্বিনী কুমার শর্মার সঙ্গে তিনি বিভিন্ন জেলার সীমান্ত ফাড়িগুলির নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণ করেন। পরে রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে

এবং মহাকরনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে দেখা করেন। তিনি রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা এবং ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অনুরাগের সঙ্গেও সীমান্ত ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করেন।

*****************************

**Sports Journalists Workshop :**

আগামী দোসরা জুলাই বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবসটি পালনের উদ্যোগ নিয়েছে ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাব। গতকাল আগরতলা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে টিএসজেসি'র সভাপতি সরযূ চক্রবর্তী জানান, ২ জুলাই প্রেস ক্লাবে একদিনের এই কর্মশালার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে থাকবেন কলকাতার বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক গৌতম ভট্টাচার্য ও রাজ্যের বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক মণিময় রায়।

******************************

**Football :**

টিএফএ পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় স্কাইলার্ক ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে তারা ২-১ গোলে ত্রিপুরা পুলিশকে পরাজিত করেছে।

************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

****************************